অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/18/2022 **গভর্নর ক্যাথি হোচুল**

গর্ভনর কুওমো 2023 অর্থ বছরের বাজেটের হাইলাইটসমূহ ঘোষণা করেছেন

10 বিলিয়ন ডলারের পরিকল্পনা স্বাস্থ্যসেবা কর্মশক্তি পুনর্গঠন করবে এবং ভবিষ্যতের স্বাস্থ্যসেবা ব্যবস্থা গড়ে তুলবে

31 বিলিয়ন ডলারের পরিকল্পনা শিক্ষক কর্মশক্তিকে শক্তিশালী করবে এবং স্কুলগুলিতে বিনিয়োগ করবে

ছোট ব্যবসা এবং মধ্যবিত্তদের জন্য কর ত্রাণ প্রদান করে

রেকর্ড পাঁচ বছরের 32.8 বিলিয়ন ডলারের DOT ক্যাপিটাল প্ল্যান রাজ্য জুড়ে প্রধান পরিকাঠামো প্রকল্পগুলিকে সমর্থন করার জন্য ফেডারেল তহবিল ব্যবহার করবে

900 মিলিয়ন ডলারের চাইল্ড কেয়ার স্টেবিলাইজেশন অনুদান রাজ্যব্যাপী 15,000 শিশু পরিচর্যা প্রদানকারীদের পরিচালনার খরচ কভার করবে

উদ্ভাবনী ছোট ব্যবসা এবং কোভিড-সম্পর্কিত ব্যয়ের জন্য ট্যাক্স ক্রেডিট প্রদান করতে 1 বিলিয়ন ডলারের তহবিল

পরবর্তী পাঁচ বছরে SUNY এবং CUNY-তে 1.5 বিলিয়ন ডলার বিনিয়োগ করে এবং TAP যোগ্যতা প্রসারিত করে

ক্লিন ওয়াটার, ক্লিন এয়ার এবং গ্রিন জবস এনভায়রনমেন্টাল বন্ড অ্যাক্টের জন্য 4 বিলিয়ন ডলার এবং অফশোর উইন্ডের জন্য 500 মিলিয়ন ডলার অন্তর্ভুক্ত আছে

একটি নতুন পাঁচ বছরের, 25 বিলিয়ন ডলারের ব্যাপক হাউজিং প্ল্যান চালু করে

আইন প্রয়োগকারী এবং সম্প্রদায়-ভিত্তিক বন্দুক সহিংসতা উদ্যোগের জন্য 224 মিলিয়ন ডলারের অর্থায়ন করে

অর্থ বর্ষ 2023 এর বাজেট বই এখানেউপলব্ধ

গভর্নর ক্যাথি হোচুল আজ, বাজেট ডিরেক্টর রবার্ট এফ. মুজিকা জুনিয়রের সাথে, তার অর্থবছর (Financial Year, FY) 2023 এর এক্সিকিউটিভ বাজেটের রূপরেখা পেশ করেছেন। FY 2023 এক্সিকিউটিভ বাজেট একটি সাহসী এজেন্ডা পাস করার জন্য গভর্নরের প্রতিশ্রুতি বজায় রাখে যা নিউ ইয়র্কের স্বাস্থ্যসেবা এবং শিক্ষক কর্মীবলের পুনর্গঠন করে; যাদের সব চেয়ে বেশি প্রয়োজন তাদের কর ত্রাণ প্রদান করে; অর্থনৈতিক প্রবৃদ্ধি ত্বরান্বিত করে এবং ভালো বেতনের মধ্যবিত্তদের চাকরির সৃষ্টি করে; রাজ্যের পরিকাঠামো শক্তিশালী করে এবং জলবায়ু পরিবর্তনের মোকাবিলা করে; জননিরাপত্তা নিশ্চিত করে এবং সম্প্রদায়গুলিকে রক্ষা করে; প্রতিটি নিউ ইয়র্কবাসীর মাথার উপর একটি ছাদ আছে তা নিশ্চিত করার জন্য আবাসনকে আরও সাশ্রয়ী করে তোলে; এবং রাজ্য সরকারের উপর আস্থা ফিরিয়ে আনতে সাহসী সংস্কার প্রণয়ন করে।

"আমাদের কাছে কোভিড-19 মহামারীর প্রতি অবিলম্বে সাড়া দেওয়ার পাশাপাশি ভবিষ্যতের জন্য একটি ঐতিহাসিক স্তরের তহবিলের সাথে এই প্রজন্মে-একবারই-আসা সুযোগটি গ্রহণ করার উপায় রয়েছে যা সামাজিকভাবে দায়বদ্ধ এবং আর্থিকভাবে বিচক্ষণ," **গভর্নর হোচুল বলেন।** "যেমন আমি আমার স্টেট অফ দ্য স্টেট বক্তৃতায় বলেছিলাম: এটি আমেরিকান স্বপ্নের একটি আরও ভাল, সুন্দর এবং আরও অন্তরভক্তিমূলক সংস্করণের সময়। আমি এটাকে নিউ ইয়র্ক ড্রিম বলছি। আমরা সেই নিউ ইয়র্ক স্বপ্নকে বাস্তবে পরিণত করব - এবং নিশ্চিত করব যে এটি প্রতিটি নিউইয়র্কবাসী বাস্তবায়িত করতে পারেন।"

"গভর্নর হোচুলের এক্সিকিউটিভ বাজেট গুরুত্বপূর্ণ ক্ষেত্রগুলিতে ঐতিহাসিক বিনিয়োগ করে এবং নিশ্চিত করে যে আমরা ভবিষ্যতের ধাক্কাগুলির জন্য প্রস্তুত," **বাজেট পরিচালক রবার্ট এফ মুজিকা জুনিয়র বলেছেন,** "আর কখনো আগামী সুযোগ - বা চ্যালেঞ্জগুলির জন্য - রাজ্য আর কখনও নিজেকে অপ্রস্তুত থাকবে না। বছরের পর বছর অভূতপূর্ব কষ্টের পর, এই বাজেট রাজ্যকে, আর্থিক দৃষ্টিকোণ থেকে, তার চেতনার মতই স্থিতিস্থাপক করে তোলে। নিউ ইয়র্কবাসীদের যে বাজেট প্রাপ্য এবং যা তারা প্রত্যাশা করেন, এই বাজেটটি তাই।"

একটি ভারসাম্যপূর্ণ বাজেট

গভর্নর হোচুলের FY 2023 বাজেট প্রস্তাব নিউ ইয়র্কের দৃঢ় আর্থিক ভিত্তি প্রতিফলিত করে। যখন ট্যাক্স রাজস্বের পরিমাণ পূর্ণ শক্তিতে ফেরে, বাজেটটি 2027 অর্থ বছর পর্যন্ত আর্থিক পরিকল্পনার পুরোটাই ভারসাম্যপূর্ণ, বাজেটের কোনো ফাঁক নেই, এবং 2023 অর্থবছরে ব্যয় বৃদ্ধি মূল্যস্ফীতির নিচে রাখে।

স্বাস্থ্য পরিচর্যার কর্ময়বল পুনর্গঠন করা

আমাদের ক্ষয়প্রাপ্ত স্বাস্থ্যসেবা কর্মী বাহিনীকে পুনরুদ্ধার করতে এবং ভবিষ্যতের স্বাস্থ্যসেবা ব্যবস্থা গড়ে তুলতে, গভর্নর হোচুল স্বাস্থ্যসেবায় 10 বিলিয়ন ডলারের বেশি, একাধিক-বছরের বিনিয়োগ করবেন, যার মধ্যে স্বাস্থ্যসেবা কর্মীদের মজুরি এবং বোনাস সমর্থন করার জন্য 4 বিলিয়ন ডলারেরও বেশি অন্তর্ভুক্ত রয়েছে। এই বহু-বছরের বিনিয়োগের মূল উপাদানগুলির মধ্যে রয়েছে:

- স্বাস্থ্যসেবা এবং মানসিক স্বাস্থ্যবিধির কর্মীদের ধরে রাখার বোনাস সমর্থন করতে 1.2 বিলিয়ন ডলার, 3,000 ডলার পর্যন্ত বোনাস পূর্ণ-সময়ের কর্মীদের উদ্দেশ্যে যারা এক বছরের জন্য তাদের পদে থাকবেন এবং যারা কম ঘন্টা কাজ করছেন তাদের জন্য প্রো-রেট ভিত্তিতে বোনাস;
- মানবসেবার কর্মীদের মজুরি বাড়াতে সাহায্য করার জন্য কস্ট অফ লিভিং অ্যাডজাস্টমেন্টসের (Cost-of-Living Adjustments, COLA) খরচের জন্য 500 মিলিয়ন ডলার;
- স্বাস্থ্যসেবার মূল পরিকাঠামো এবং উন্নত ল্যাবের ক্ষমতার জন্য 2.4 বিলিয়ন ডলার; এবং
- কর্মশক্তি এবং স্বাস্থ্যসেবার অ্যাক্সেস এবং সরবরাহে অন্যান্য বিনিয়োগ

এই বিনিয়োগগুলির সাথে, গভর্নর হোচুল গৃহ পরিচর্যাকে শক্তিশালী করতে অনুন্নত এলাকায় ক্যারিয়ারের পাইপলাইন উন্নত করতে, স্বাস্থ্যসেবা প্রশিক্ষণ ও শিক্ষার অ্যাক্সেস প্রসারিত করতে এবং স্বাস্থ্যসেবা নিয়োগ এবং সরাসরি সহায়তার পেশাদারদের নিয়োগ করার জন্য তৈরি করা একটি প্রোগ্রামের মাধ্যমে আগামী পাঁচ বছরে স্বাস্থ্যসেবা কর্মীবাহিনীকে 20 শতাংশ পুনঃনির্মাণ ও বৃদ্ধি করার প্রস্তাব করেছেন।

<u>শিক্ষকদের কর্মীবলকে শক্তিশালী করতে</u>

স্কুলের সহায়তা: FY 2023 এক্সিকিউটিভ বাজেট SY 2023-এর জন্য মোট 31.3 বিলিয়ন ডলারের স্কুল সহায়তা প্রদান করে, যা এখন পর্যন্ত রাষ্ট্রীয় সাহায্যের সর্বোচ্চ স্তর। এই বিনিয়োগটি স্কুলের বছর (School Year, SY) 2022-এর তুলনায় বছরে 2.1 বিলিয়ন ডলারের (7.1 শতাংশ) বৃদ্ধির প্রতিনিধিত্ব করে, যার মধ্যে 1.6 বিলিয়ন ডলারের ফাউন্ডেশন এইড বৃদ্ধি এবং অন্যান্য সমস্ত স্কুল এইড প্রোগ্রামে 466 মিলিয়ন ডলারের বৃদ্ধি রয়েছে৷

ফাউন্ডেশন এইড: ফাউন্ডেশন এইড হল রাজ্যের প্রধান শিক্ষা পরিচালনার সাহায্য সূত্র। এটি ছাত্রদের প্রয়োজন, সম্প্রদায়ের সম্পদ, এবং আঞ্চলিক খরচের পার্থক্যের উপর ভিত্তি করে সমস্ত স্কুল জেলায়, বিশেষ করে উচ্চ-প্রয়োজনের জেলাগুলিতে সমানভাবে রাজ্যের তহবিল বরাদ্দ করার উপর দৃষ্টি নিবদ্ধ করে। কার্যনির্বাহী বাজেট ফাউন্ডেশন এইড এ 1.6 বিলিয়ন (8.1 শতাংশ) বৃদ্ধি প্রদান করে, যা বর্তমান ফাউন্ডেশন এইড সূত্রের সম্পূর্ণ অর্থায়নের তিন বছরের ফেজ-ইন এর দ্বিতীয় বছরকে সমর্থন করে এবং প্রতিটি স্কুল জেলা সর্বনিম্ন বছর-থেকে-বছরের বৃদ্ধি বাবদ 3 শতাংশ পায় তা নিশ্চিত করে।

এক্সিকিউটিভ বাজেট SUNY এবং CUNY কে 106 মিলিয়ন ডলার প্রদান করে - 53 মিলিয়ন ডলার প্রত্যেককে - উভয় চার-বছরের কলেজ এবং কমিউনিটি কলেজে অতিরিক্ত পূর্ণ সময়ের অনুষদ নিয়োগের জন্য। এই বিনিয়োগটি আনুমানিক 880টি অতিরিক্ত পূর্ণ-সময়ের অনুষদের অর্থায়ন করবে - SUNY-তে 340 জন এবং CUNY-তে 540 জন, অনুষঙ্গদের পূর্ণ সময়ের অনুষদ হিসেবে রূপান্তর করার জন্য CUNY-এর পরিকল্পনার সমর্থন করা সহ।

<u>যাদের প্রয়োজন তাদের জন্য ট্যাক্সের ত্রাণ প্রদান করা</u>

মধ্যবিত্ত কর কর্তনের বাস্তবায়নকে ত্বরান্বিত করুন: মধ্যবিত্ত করদাতাদের জন্য ব্যক্তিগত আয়কর কমানোর আট বছরের ফেজ-ইন প্রথম কর বর্ষ 2018 সালে শুরু হয়েছিল এবং বর্তমানে 2025 সালের কর বর্ষের শুরুতে শেষ হবে বলে নির্ধারিত রয়েছে। নির্বাহী বাজেট:

- 2023 কর বর্ষ থেকে শুরু হওয়া সম্পূর্ণভাবে বাস্তবায়িত হ্রাসকৃত ট্যাক্সের হার প্রদান করে মধ্যবিত্ত নিউ ইয়র্কবাসীদের কাছে ট্যাক্সের ত্রাণ ত্বরান্বিত করে।
- 6.1 মিলিয়ন নিউ ইয়র্কবাসীদের ত্রাণ প্রদান করে।

ছোট ব্যবসাগুলির কোভিড-19-সম্পর্কিত খরচের জন্য একটি ট্যাক্স ক্রেডিট তৈরি করুন: আমাদের ছোট ব্যবসাগুলির জন্য রাজ্যের সমর্থনকে অব্যাহত রাখতে নির্বাহী বাজেটে ছোট ব্যবসাগুলির জন্য কোভিড-19-সম্পর্কিত খরচকে লক্ষ্য করে একটি নতুন উচ্চসীমা নির্ধারিত ফেরতযোগ্য ট্যাক্সের ত্রাণের প্রোগ্রাম অন্তর্ভুক্ত রয়েছে। প্রোগ্রামটি যা প্রদান করে:

- ছোট ব্যবসাগুলির জন্য অতিরিক্ত ত্রাণে 250 মিলিয়ন ডলার পর্যন্ত।
- যোগ্য কোভিড-19-সম্পর্কিত ক্যাপিটাল বিনিয়োগের মধ্যে সামাজিক দূরত্ব, HVAC সরঞ্জাম, বহিরঙ্গন স্থানের সম্প্রসারণের সাথে সম্পর্কিত খরচ, সেইসাথে যোগাযোগহীন বিক্রয়ের সুবিধার জন্য যন্ত্রপাতি এবং সরঞ্জামগুলিকে মিটমাট করার জন্য স্থান সম্প্রসারণের সাথে সম্পর্কিত খরচগুলি অন্তর্ভুক্ত, কিন্তু এর মধ্যেই সীমাবদ্ধ নয়।

ছোট ব্যবসার ট্যাক্সের ত্রাণ প্রদান করুন: মহামারীর পতনের কারণে ছোট ব্যবসাগুলি বিশেষভাবে ক্ষতিগ্রস্থ হয়েছিল। নির্বাহী বাজেট এই ব্যবসাগুলির জন্য অনেক প্রয়োজনীয় ট্যাক্সের ত্রাণ প্রদান করে:

- নেট ব্যবসায়িক আয় বা ফার্ম আয়ের 5 শতাংশ থেকে 15 শতাংশে ছোট ব্যবসার বিয়োগের পরিবর্তনকে বাড়ানো, এবং
- 1.5 মিলিয়ন ডলারেরও কম NY-সোর্স গ্রস ইনকাম সহ পাস-থ্রু সংস্থাগুলিকে অন্তর্ভুক্ত করার সুবিধাকে সম্প্রসারণ করা।
- এই প্রস্তাবটি আধুনিক ইতিহাসের অন্যতম চ্যালেঞ্জিং ব্যবসায়িক আবহাওয়ার মধ্য দিয়ে 195,000-টি ছোট ব্যবসাকে সহায়তা করবে।

একটি বাড়ির মালিকের ট্যাক্স রিবেট ক্রেডিট প্রদান করুন: বাড়ির মালিকের ট্যাক্স রিবেট ক্রেডিট নামে নির্বাহী বাজেট একটি নতুন মালিকানার ট্যাক্সের ত্রাণের ক্রেডিট তৈরি করে যোগ্য নিম্ন এবং মধ্যম আয়ের পরিবারগুলি সহ যোগ্য বয়স্ক পরিবারদের জন্য:

- 250,000 ডলারের কম আয়ের প্রাথমিক STAR ছাড় এবং ক্রেডিটের সুবিধাভোগীরা এবং উন্নত STAR প্রাপকরা মালিকানার ট্যাক্সের রিবেটের জন্য যোগ্য যেখানে সুবিধাটি হল বাড়ির মালিকদের বিদ্যমান STAR সুবিধার শতাংশ।
- এই এক বছরের প্রোগ্রামটি, সাধারণভাবে, প্রকৃত প্রপার্টি ট্যাক্স রিলিফ ক্রেডিট প্রোগ্রামের একটি এক্সটেনশন যার মেয়াদ 2019-এর পরে শেষ হয়ে গেছে যার সুবিধাগুলি বাড়ির মালিকের STAR সুবিধার শতাংশ হিসাবে গণনা করা হয়। উপরন্তু, নিউ ইয়র্ক সিটির বাড়ির মালিকরাও এই ক্রেডিট পাওয়ার যোগ্য হবেন।
- নিউ ইয়র্ক সিটির বাইরে, গড় সুবিধা প্রায় 970 ডলার হবে, যা 2 মিলিয়নেরও বেশি মালিকানার কর-প্রদানকারী পরিবারদের ত্রাণ প্রদান করবে। নিউ ইয়র্ক সিটির গড় সুবিধা প্রায় 425 ডলার হবে যেখানে সুবিধাগুলি আরও 479,000 মালিকানার কর-প্রদানকারী পরিবারদের কাছে পৌঁছাবে।
- 75,000-এর কম আয় সহ বাড়ির মালিকদের জন্য রাজ্যব্যাপী গড়ের ক্রেডিট প্রায় 1,050 ডলারে অনুমান করা হয়েছে, আনুমানিক 837,800জন প্রাপকরা উপকৃত হচ্ছেন।
- ট্যাক্স রিটার্নগুলি দাখিল করার সময় দাবি করার পরিবর্তে সুবিধাটি একটি উন্নত ক্রেডিটের আকারে হবে, এইভাবে নিউ ইয়র্কের বাড়ির মালিকদের হাতে আরও দ্রুত সুবিধা পাওয়া যাবে। ক্রেডিটগুলি 2022 কর বর্ষের আয়কর রিটার্নে অগ্রিম হবে যা 2022 সালের শরত্কালে শুরু হতে যোগ্য বাড়ির মালিকদের কাছে সরাসরি পাঠানো হবে।

ক্যাপিটাল পরিকল্পনা এবং পরিকাঠামো

নতুন পাঁচ বছরের, 32.8 বিলিয়ন ডলারের DOT ক্যাপিটাল পরিকল্পনা হান্টস পয়েন্ট ইন্টারস্টেট অ্যাক্সেস ইম্প্রুভমেন্ট (Hunts Point Interstate Access Improvement) এবং সিরাকিউজে I-81-এর প্রতিস্থাপন সহ প্রধান অবকাঠামোগত প্রকল্পগুলির চূড়ান্ত পর্যায়গুলিকে সমর্থন করার জন্য অবকাঠামোর বিনিয়োগ এবং চাকরির আইনে করা ফেডারেল তহবিলের প্রতিশ্রুতিগুলিকে কাজে লাগাবে।

নতুন পরিকল্পনাটি নতুন বড় মাপের প্রকল্পগুলিকেও সমর্থন করে, যার মধ্যে রয়েছে: আলবেনিতে লিভিংস্টন অ্যাভিনিউ ব্রিজ আধুনিকীকরণ; বাফেলোতে কেনসিংটন এক্সপ্রেসওয়ে জুড়ে এলাকাগুলির পুনঃসংযোগ; অরেঞ্জ এবং সালিভান কাউন্টিতে রুট 17 কে I-86 এ রূপান্তর করা; এবং সাফোক কাউন্টির ওকডেল মার্জে রাস্তার ক্ষমতা উন্নত করার উপায়গুলি মূল্যায়ন করা।

পাঁচ বছরের DOT ক্যাপিটাল প্ল্যানটি বিদ্যমান BRIDGE-NY প্রোগ্রামকে 1 বিলিয়ন বাড়ায়, একটি নতুন 1 বিলিয়ন ডলারের অপারেশন পেভ আওয়ার পটহোলস প্রোগ্রাম যোগ করে, এবং একত্রিত হাইওয়ে ইমপ্রুভমেন্ট প্রোগ্রাম (Consolidated Highway Improvement Program,

CHIPS) এর মাধ্যমে স্থানীয় হাইওয়ে এবং সেতু প্রোগ্রামে অর্থায়নের রেকর্ড প্রতিশ্রুতি অব্যাহত রাখে।

চাইল্ড কেয়ার

বিদ্যমান ভর্তুকিতে 832 মিলিয়ন ডলার এবং ফেডারেল শিশু পরিচর্যার সংস্থানগুলিতে 2.3 বিলিয়ন ডলারকে ভিত্তি করে গড়ে তুলে বাজেটে শিশু, পিতামাতা এবং শিশু পরিচর্যা শিল্পকে সমর্থন করার জন্য নতুন বিনিয়োগ অন্তর্ভুক্ত করা হয়েছে।

- ভর্তুকির জন্য যোগ্যতা বৃদ্ধি করা- শিশু পরিচর্যার ভর্তুকির যোগ্যতা ফেডারেল দারিদ্র্য স্তরের 200 শতাংশ পর্যন্ত বৃদ্ধি করা হবে তিন বছরের মধ্যে ফেডারেল দারিদ্র্য স্তরের 300 শতাংশ পর্যন্ত। সম্পূর্ণভাবে পর্যায়ক্রমে, বার্ষিক 535 মিলিয়ন ডলারেরও বেশি অতিরিক্ত 400,000 শিশুদের নতুনভাবে যোগ্য হওয়ার অনুমতি দেবে।
- শিশু পরিচর্যার প্রদানকারীদের অ্যাক্সেস বজায় রাখুন- 2022 সালে যখন হার বাড়বে তখন শিশু পরিচর্যার ভর্তুকি বজায় রাখার জন্য বার্ষিক 125 মিলিয়ন ডলারের তহবিল অন্তর্ভুক্ত করা হয়।
- শিশু পরিচর্যার কর্মীদের সহায়তা করুন— 75 মিলিয়ন ডলার শিশু পরিচর্যার কর্মীদের মজুরিতে বিনিয়োগ করা হয়েছে যা তাদের কাজের গুরুত্বের একটি অনুমোদন।

ছোট ব্যবসাগুলি

গভর্নর হোচুল রাজ্যের প্রায় বিলিয়ন-ডলারের পরিকল্পনার প্রস্তাব করছেন যা ছোট ব্যবসার উপর দৃষ্টি নিবদ্ধ করে, যার মধ্যে আছে ছোট ব্যবসার চাহিদা পূরণ করতে এবং রাজ্য জুড়ে সমস্ত ধরনের ছোট ব্যবসার সমৃদ্ধি নিশ্চিত করতে লক্ষ্যযুক্ত কর্মসূচি। এই পরিকল্পনার মূল উপাদানগুলির মধ্যে রয়েছে:

- ভবিষ্যতের ছোট ব্যবসার জন্য অর্থায়ন - উদ্ভাবন খাতে উদীয়মান ছোট ব্যবসার জন্য মূলধন এবং উদ্যোগ ঋণ প্রদান, যার মধ্যে সংখ্যালঘু-ও-নারীদের মালিকানাধীন কোম্পানিগুলি, যা প্রায়ই উদ্যোগ সংক্রান্ত বিনিয়োগ দ্বারা উপেক্ষিত হয়।
- ছোট ব্যবসার জন্য সিড ফান্ডিং - একটি 200 মিলিয়ন ডলারের নমনীয় অনুদান প্রোগ্রাম প্রাথমিক পর্যায়ের ব্যবসার জন্য সম্প্রতি খোলা হয়েছে কোভিড-19 মহামারী সত্ত্বেও।
- ছোট ব্যবসায় ঋণদানের উদ্যোগ – ছোট ব্যবসাগুলিকে সম্প্রসারণের জন্য হ্রাসকৃত সুদের হার এবং সহজলভ্য ঋণ প্রদান করুন।

SUNY এবং CUNY

SUNY এবং CUNY-এর জন্য 1.5 বিলিয়ন ডলার: নির্বাহী বাজেট আগামী পাঁচ বছরে SUNY এবং CUNY অপারেশনে 300 মিলিয়ন ডলারের বেশি বিনিয়োগ করবে। গভর্নর হোচুল আগামী বছর SUNY, এর স্বতন্ত্র প্রতিষ্ঠান এবং মূল স্টেকহোল্ডারদের সাথে অংশীদারিত্বও করবেন যাতে SUNY-কে দেশের উচ্চ শিক্ষার শীর্ষ রাষ্ট্রীয় ব্যবস্থায় রূপান্তরিত করার জন্য তার ভবিষ্যতের

কল্পনাকে বাস্তবায়ন করার পরিকল্পনা তৈরি করা যায়। এক্সিকিউটিভ বাজেট বাফেলো ইউনিভার্সিটি (University at Buffalo) এবং স্টোনি ব্রুক ইউনিভার্সিটিকে (Stony Brook University) SUNY-এর ফ্ল্যাগশিপ প্রতিষ্ঠানে পরিণত হতে সাহায্য করার জন্য নতুন প্রকৌশল ভবনের জন্য তহবিল দিয়ে এই রূপান্তর শুরু করতে সাহায্য করবে।

এক্সিকিউটিভ বাজেট SUNY রাজ্য-চালিত ক্যাম্পাস এবং সিটি ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্ক (City University of New York, CUNY) সিনিয়র কলেজগুলিকে "টিউশন অ্যাসিসট্যান্স প্রোগ্রাম (Tuition Assistance Program, TAP) গ্যাপ" টিউশন ক্রেডিটগুলির 108.4 মিলিয়ন ডলারের খরচ কলেজগুলিকে সম্পূর্ণরূপে ফেরত দিয়ে পরিচলনার সহায়তা বৃদ্ধি করবে, CUNY থেকে 59.6 মিলিয়ন ডলার এবং SUNY-এর 48.8 মিলিয়ন ডলারের অতিরিক্ত রাজ্যের সহায়তা প্রদান করবে। এক্সেলসিয়র স্কলারশিপ প্রাপকদের জন্য ক্যাম্পাসগুলির প্রাপ্ত রাজ্যের সহায়তার পরিমাণ বাড়াতে এক্সিকিউটিভ বাজেট আইন থেকে বিশ্ববিদ্যালয়ের সিস্টেমগুলি 18.6 মিলিয়ন ডলারের অতিরিক্ত পরিচালনার রাজস্ব পাবে, SUNY স্টেট পরিচালিত ক্যাম্পাসগুলিতে অপারেটিং সহায়তা 13.7 মিলিয়ন ডলার, CUNY সিনিয়র কলেজগুলিতে 2.8 মিলিয়ন ডলার এবং কমিউনিটি কলেজে 2.1 মিলিয়ন ডলার বাড়িয়ে।

TAP-এ আংশিক সময়ের শিক্ষার্থীদের অ্যাক্সেস প্রসারিত করা: এক্সিকিউটিভ বাজেটে TAP প্রসারিত করার জন্য 150 মিলিয়ন ডলার অন্তর্ভুক্ত রয়েছে, যা বর্তমানে আংশিক সময় অধ্যয়নরত শিক্ষার্থীদের জন্য বহুলাংশে অনুপলব্ধ একটি SUNY, CUNY, অথবা অলাভজনক স্বাধীন কলেজে অলাভজনক স্বতন্ত্র কলেজে পড়াশোনার জন্য ছয় বা তার বেশি ক্রেডিটের জন্য নিবন্ধিত ছাত্রদের কভার করার উদ্দেশ্যে - একটি আনুমানিক বিনিয়োগ যা বছরে 75,000 জন অতিরিক্ত নিউ ইয়র্কের ছাত্রদের সহায়তা প্রদান করে।

শক্তি এবং পরিবেশ

ক্লিন ওয়াটার, ক্লিন এয়ার, অ্যান্ড গ্রিন জবস এনভায়রনমেন্টাল বন্ড অ্যাক্ট: নির্বাহী বাজেটে ল্যান্ডমার্ক ক্লিন ওয়াটার, ক্লিন এয়ার অ্যান্ড গ্রিন জবস এনভায়রনমেন্টাল বন্ড অ্যাক্টের জন্য 4 বিলিয়ন ডলার অন্তর্ভুক্ত রয়েছে। এই ঐতিহাসিক উদ্যোগ নিউ ইয়র্ককে গুরুত্বপূর্ণ পরিবেশগত আবাসস্থল পুনরুদ্ধারের জন্য প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে; বন্যার ঝুঁকি হ্রাস করবে; অতিরিক্ত জমি এবং খোলা জায়গা সংরক্ষণ করবে; আমাদের জল-সম্পদ রক্ষা এবং উন্নত করবে; এবং জলবায়ু পরিবর্তন প্রশমন প্রকল্পে বিনিয়োগ করবে যা দূষণ এবং কার্বন নির্গমন হ্রাস করবে। বন্ড আইনটি ক্লিন গ্রিন স্কুল উদ্যোগে একটি উল্লেখযোগ্য বিনিয়োগকে সমর্থন করবে যা একটি সুবিধাবঞ্চিত সম্প্রদায়ের মধ্যে অবস্থিত প্রতিটি পাবলিক স্কুলের কাছে পৌঁছাবে।

অফশোর বায়ু: নির্বাহী বাজেটে রাজ্যের অফশোর বায়ুর সাপ্লাই চেইন এবং বন্দরের পরিকাঠামোর বিকাশের জন্য 500 মিলিয়ন ডলারের বিনিয়োগ অন্তর্ভুক্ত রয়েছে। এই দেশ-নেতৃত্বপূর্ণ উদ্যোগটি একটি ক্রমবর্ধমান শিল্পে 2,000-টি কর্মসংস্থান সৃষ্টি করবে নিউ ইয়র্ককে আগামী বছরের জন্য দেশের অফশোর বায়ুর রাজধানী বানাতে সাহায্য করার সময়।

আবাসন

একটি নতুন পাঁচ বছরের 25 বিলিয়ন ডলারের ব্যাপক আবাসনের পরিকল্পনা চালু করুন। নির্বাহী বাজেট ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর জন্য একটি সহায়ক পরিষেবা সহ 10,000-টি গৃহ সমেত একটি 100,000-টি সাশ্রয়ী বাড়ি তৈরি ও সংরক্ষণের জন্য নতুন 25 বিলিয়ন ডলারের 5-বছর মেয়াদী একটি সমন্বিত পরিকল্পনা অগ্রসর করবে, যেখানে রাজ্যের এক মিলিয়ন গৃহ বৈদ্যুতিকরণ করার পরিকল্পনার অংশ হিসেবে 50,000 গৃহ বৈদ্যুতিকরণ করা এবং আরো এক মিলিয়ন গৃহ বৈদ্যুতিকরণের জন্য প্রস্তুত করা অন্তর্ভুক্ত থাকবে। তহবিলের মধ্যে রয়েছে 5.7 বিলিয়ন ডলারের মূলধন সংস্থানসমূহ, 8.8 বিলিয়ন ডলারের স্টেট এবং ফেডারেল ট্যাক্স ক্রেডিট এবং অন্যান্য ফেডারেল বরাদ্দকরণ, 11 বিলিয়ন ডলারের আশ্রয়কেন্দ্র এবং সহায়ক আবাসন ইউনিট পরিচালনার জন্য এবং ভাড়ার ভর্তুকি প্রদানের জন্য।

<u>বন্দুকের সহিংসতার মোকাবেলা করা</u>

কার্যনির্বাহী বাজেটে আইন প্রয়োগকারী এবং সম্প্রদায়-ভিত্তিক সংস্থাগুলির বন্দুক সহিংসতা প্রতিরোধের প্রচেষ্টাকে শক্তিশালী করবে এমন উদ্যোগগুলি অর্থায়নের জন্য 224 মিলিয়ন ডলার অন্তর্ভুক্ত রয়েছে। এই ক্রিয়াগুলির মাধ্যমে আমরা নিউ ইয়র্কবাসীদের নিরাপত্তা এবং সম্প্রদায়ের অনুভূতিকে পুনরুদ্ধার করতে কাজ করব। এই ক্রিয়াগুলির মধ্যে যে কয়েকটি অন্তর্ভুক্ত রয়েছে:

- ক্রাইম গান ট্রেসিং প্রচেষ্টাগুলির জন্য ট্রিপল সংস্থানগুলি – নির্বাহী বাজেট রাজ্যের বন্দুকের সহিংসতার গোয়েন্দার সংস্থানকে তিনগুণ করার জন্য তহবিলে 350,000 ডলার প্রদান করে নিউ ইয়র্ক স্টেট ইন্টেলিজেন্স সেন্টার (New York State Intelligence Center, NYSIC)-এর সাথে রাজ্য জুড়ে অপরাধমূলক বন্দুকের প্রক্রিয়া ও তদন্ত করার জন্য প্রয়োজনীয় বিশ্লেষকদের একটি টীম সহ কর্মীদের নিয়োগ করে।
- **আইন প্রয়োগকারী অংশীদারিত্বকে শক্তিশালী করা** - এক্সিকিউটিভ বাজেট 13.1 মিলিয়ন ডলার প্রদান করে কমিউনিটি স্টেবিলাইজেশন ইউনিটের ব্যবহার সম্প্রসারণ করার জন্য যা সম্প্রদায়-নির্দিষ্ট অপরাধ সমস্যা মোকাবেলায় স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থার সাথে সব চেয়ে অভিজ্ঞ রাষ্ট্রীয় ট্রুপারদের সাথে অংশীদারিত্ব করে।
- **স্থানীয় আইন প্রয়োগকারীদের জন্য রাজ্যের সরাসরি সহায়তা প্রসারিত করা (GIVE)** - নির্বাহী বাজেট নিউ ইয়র্কের জাতীয়ভাবে স্বীকৃত বন্দুক জড়িত ভায়োলেন্স এলিমিনেশন (Gun Involved Violence Elimination, GIVE) উদ্যোগের জন্য তহবিল বৃদ্ধি করে 18.2 মিলিয়ন ডলার করে যা নিউ ইয়র্কে বন্দুক সহিংসতা বন্ধ করার স্থানীয় আইন প্রয়োগকারী প্রচেষ্টাকে সমর্থন করে। এই বিনিয়োগটি বেশ কয়েকটি নতুন উদ্যোগের সূচনা করতে সক্ষম করবে যা আইন প্রয়োগকারীর ক্ষমতাকে মারাত্মক নয় এমন শ্যুটিং কেসগুলি নিষ্পত্তি করতে, যুব-কেন্দ্রিক সম্প্রদায়ের প্রোগ্রামিংয়ে জড়িত এবং সম্প্রদায়ের তত্ত্বাবধানে থাকা ব্যক্তিদের জন্য পুনর্বিবেচনা কমাতে সহায়তা করবে।

- সম্প্রদায়-ভিত্তিক বন্দুকের সহিংসতার প্রতিক্রিয়ায় তিনগুণ বিনিয়োগ (SNUG) – নির্বাহী বাজেট নিউ ইয়র্কের SNUG আউটরিচ প্রোগ্রামের জন্য অর্থায়নে গত বছরের জরুরী বৃদ্ধিকে বজায় রাখে এবং বন্দুক সংক্রান্ত অপরাধের বৃদ্ধির মোকাবেলায় সহায়তা আরও প্রসারিত করে। 24.9 মিলিয়ন ডলারের এই বিনিয়োগ হাসপাতাল-ভিত্তিক এবং রাস্তার আউটরিচ প্রোগ্রামগুলি রাজ্যের সমস্ত কোণে পৌঁছোবার জন্য সম্প্রসারণ করবে। এটি বেশ কয়েকটি নতুন উদ্যোগের পাইলটিং সহজতর করবে যা যুবকদের জন্য, চাকরির-প্রস্তুতি এবং কর্মক্ষেত্রের প্রশিক্ষণের জন্য সর্বব্যাপী পরিষেবা প্রদান করে।
- **বন্দুক সহিংসতার পরে আঞ্চলিক প্রয়োজনে সাড়া দেওয়া** - কার্যনির্বাহী বাজেটে বন্দুক সহিংসতার বৃদ্ধির দ্বারা সব চেয়ে বেশি ক্ষতিগ্রস্ত মানুষ এবং স্থানগুলিকে সমর্থন করার জন্য 20 মিলিয়ন ডলারের নতুন তহবিল অন্তর্ভুক্ত রয়েছে। এটি উচ্চ-প্রয়োজনীয় এলাকাগুলিতে উদ্ভাবনী সম্প্রদায়ের ক্ষমতায়ন এবং অপরাধ-হ্রাসের প্রোগ্রামিং স্থাপনের অনুমতি দেবে যা বন্দুক সংক্রান্ত অপরাধ দ্বারা ক্ষতিগ্রস্ত অঞ্চলগুলির মেরামত এবং পুনর্নির্মাণকে সহজতর করবে৷

আসক্তি এবং ওপিওডের সংকটের মোকাবেলা করা

গভর্নর হোচুলের নেতৃত্বে, আসক্তি পরিষেবা এবং সহায়তার কার্যালয় (Office of Addiction Services and Supports, OASAS) আসক্তি চিকিত্সা পরিষেবাগুলিতে অ্যাক্সেস উন্নত করে, চিকিত্সার প্রতিবন্ধকতাগুলি দূর করে, নতুন এবং উদ্ভাবনী চিকিত্সার মডেল বিকাশ করে এবং নিউ ইয়র্ক স্টেটের আশেপাশের কমিউনিটিতে চিকিত্সার ফেসিলিটির সংখ্যা সম্প্রসারণের মাধ্যমে ওপিওয়েড সংকট মোকাবেলায় গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ করবে।

এক্সিকিউটিভ বাজেট আসক্তি পরিষেবা ও সহায়তার অফিসের (Office of Addiction Services and Supports, OASAS) জন্য পরিচালনা এবং মূলধন সহায়তায় 402 মিলিয়ন ডলার (56 শতাংশ) বৃদ্ধি প্রদান করে যাতে মাদকাসক্তি পরিষেবা, আবাসিক পরিষেবার সুযোগ এবং রাষ্ট্রীয় ওপিওয়েড সেটেলমেন্ট চুক্তির সাথে সামঞ্জস্যপূর্ণ প্রাথমিক প্রতিরোধ কার্যক্রমের দিকে লক্ষ্য করা প্রতিরোধ, চিকিৎসা এবং পুনরুদ্ধার কর্মসূচিগুলি উন্নত করা যায়; এবং ওপিওড স্টুয়ার্ডশিপ ট্যাক্স এবং ফার্মাসিউটিক্যাল নির্মাতা এবং পরিবেশকদের সাথে মামলার নিষ্পত্তি থেকে নতুন সংস্থানগুলিতে 100 মিলিয়ন ডলারের বেশি বিনিয়োগ করে। এই তহবিলগুলির মধ্যে 113 মিলিয়ন ডলার রাজ্যের মধ্য দিয়ে স্থানীয় পৌরসভাগুলিতে যাবে, নিষ্পত্তির চুক্তির সাথে সামঞ্জস্যপূর্ণ হয়ে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন